

স্কুলের ব্যবস্থায় মানিয়ে নেওয়ার তথ্যপত্রিকা

শিশুপরিচর্যার বিকল্পগুলি

ছোট ছেলেমেয়েদের নিরাপদে, খুশী রাখা এবং
শিক্ষায় মা বাবাদের সাহায্য



ভূমিকা

শিশু পরিচর্যা অর্থাৎ চাইল্ডকেয়ার বেছে নেওয়া কঠিন ব্যাপার হতে পারে - প্রচুর বিকল্প আছে, তা সত্ত্বেও আপনি ও আপনার সন্তানের জন্য সন্তোষজনক, আপনার পক্ষে সাশ্রয়কর এবং আপনার যখন দরকার সেই সময় খোলা পাবেন এমন চাইল্ডকেয়ার পাওয়া কঠিন হতে পারে।

প্রধান পরামর্শ

- আপনার এলাকায় কি পাওয়া যাচ্ছে জানার জন্য আপনার স্থানীয় চিলড্রেস ইনফর্মেশন সার্ভিস (Children's Information Service) -এ যোগাযোগ করুন
- যে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে, আপনার সন্তানকে নিয়ে চাইল্ডকেয়ারের বিকল্পগুলি দেখে আসুন
- OfSTED [(Office for Standards in Education অফিস ফর স্ট্যান্ডার্ড ইন এডুকেশন)] রেজিস্ট্রিকরণ সার্টিফিকেট এবং সাম্প্রতিকতম পরিদর্শনের রিপোর্ট দেখার জন্য সেগুলি চেয়ে নিন
- (চাইল্ডমাইন্ডার বা ন্যানি অর্থাৎ আয়ার) সুপারিশ (রেফারেন্স) যাচাই করে নিন
- যে সব অর্থসাহায্য পাওয়া যায়, যেমন ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট (Working Tax Credit)-এর শিশুপরিচর্যার অংশ, সেসব বিষয়ে জেনে নিন

আপনি কি চান?

অনেক কর্মরত মা বাবা সাহায্যের জন্য তাদের পরিবারের ওপর নির্ভরশীল থাকে - তবে সবার পরিবার কাছাকাছি থাকে না, কিংবা তা আপনার প্রাথমিক বিকল্প নাও হতে পারে। চাইল্ড কেয়ার বিকল্পের (সাধারণত 0-7 বছরের শিশুদের জন্য) চাইল্ডমাইন্ডার, (0-4 বছরের শিশুদের জন্য) নার্সারি, স্কুলের আগে ও পরে স্কুল ক্লাব, ছুটিতে প্লেস্টিম এবং ন্যানি থাকতে পারে।

কিভাবে বেছে নেবেন?

- মূল কথা গুণমান!
- ন্যানি ছাড়া - 8 বছরের কমবয়সী শিশুদের জন্য চাইল্ড কেয়ার যদি দিনে 2 ঘন্টার বেশী খোলা থাকে, তাদের সবাইকে OfSTED-এ রেজিস্ট্রিকৃত হতে হবে
- এদের সবাইকে আপনার সামনে সাম্প্রতিকতম OfSTED-পরিদর্শনের রিপোর্ট পেশ করতে হবে — যা আপনাকে প্রদত্ত চাইল্ডকেয়ার ও প্রারম্ভিক শিক্ষার গুণমানের বিষয়ে জানাবে
- কতক্ষণ খোলা থাকে ও খরচ কত?
- কোনটা আপনার / আপনার কর্মক্ষেত্রে যাওয়ার পথের সবচেয়ে কাছে রয়েছে?

চিলড্রেস ইনফর্মেশন সার্ভিস

প্রত্যেকটা এলাকায় বিনামূল্যে একটা শিশু তথ্য সেবা অর্থাৎ চিলড্রেস ইনফর্মেশন সার্ভিস থাকে যা আপনার নিকটতম চাইল্ডমাইন্ডার, নার্সারি, স্কুলের সময়ের আগে ও পরে প্রকল্প, খোলা থাকার সময় ও সাপ্তাহিক ফিয়ার ব্যাপারে জানাতে পারে। ফ্রিফোন : 08000 96 02 96 আপনাকে নিকটতম চিলড্রেস ইনফর্মেশন সার্ভিসের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবে বা www.childcarelink.gov.uk দেখুন।

চাইল্ডমাইন্ডার কাকে বলে ?

- চাইল্ডমাইন্ডার নিজের বাড়িতে কাজ করে এবং প্রি-স্কুল ও স্কুলে যাওয়ার বয়সী শিশুদের দেখাশুনা করতে পারে - অনেকেই আবার স্কুলে যাওয়ার বয়সী শিশুদের নিকটতম স্কুলে পৌঁছে দেয় ও স্কুল থেকে নিয়ে আসে
- এছাড়া স্বৈচ্ছাসেবী চাইল্ডকেয়ার অ্যাপ্রুভাল স্কিম (Childcare Approval Scheme)-এর মাধ্যমে আপনার বাড়িতেও চাইল্ডমাইন্ডারকে কাজ করার অনুমতি দেওয়া যায়
- ফী অর্থাৎ পারিশ্রমিকে প্রভেদ থাকে তবে ইংল্যান্ডে গড়পড়তা - সপ্তাহে £130 দিতে হয়¹
- তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও সাম্প্রতিকতম পরিদর্শন রিপোর্ট দেখে নেবেন

স্কুলের বাইরে ?

- অনেক স্কুলে স্কুলের-আগে / ব্রেকফাস্ট ক্লাব থাকে (খোলা থাকে সকাল ৪ টা থেকে ৯ টা) – গড়পড়তা খরচ দিনে £1–2
- স্কুলের পর ক্লিনিকলাপ এবং ক্লাব (প্রায়ই বিকাল ৬.০০ টা পর্যন্ত খোলা থাকে) - গড়পড়তা সপ্তাহে £40
- ছুটির প্লেস্কিম (স্কুলে ছুটির সময় সকাল ৪ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত থাকে) - সপ্তাহে £50–£100 বা বেশী
- বা পরিসরে না পাওয়া গেলে তারা নিকটতম চাইল্ডকেয়ারের পথনির্দেশ দিতে পারে

ন্যানি কি ?

- আপনার বাড়িতে ন্যানি ছোট ছেলেমেয়েদের দেখাশুনা করেন
- চাইল্ডকেয়ারের যোগ্যতাপ্রাপ্ত হন না
- OfSTED – এ রেজিস্ট্রিকৃত হওয়া জরুরী না - তবে স্বৈচ্ছাসেবী চাইল্ডকেয়ার অ্যাপ্রুভাল স্কিমের (Childcare Approval Scheme) মাধ্যমে পাওয়া যায়
- খরচ প্রতি সপ্তাহে £150–£400

খরচবহনের সাহায্য

উৎকৃষ্ট মানের চাইল্ডকেয়ার খরচসাপেক্ষ হতে পারে, তবে যদি আপনি শিক্ষার্থী হন, বা নিয়োগকর্তার পক্ষ থেকে কিংবা ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিটের চাইল্ডকেয়ার উপাদানের মাধ্যমে সাহায্য পেতে পারেন :

- রেজিস্ট্রিকৃত বা অনুমোদিত চাইল্ডকেয়ারের ক্ষেত্রে, একজন শিশুর ফীয়ে প্রতি সপ্তাহে অধিকতম ৪০% অর্থাৎ £175 পর্যন্ত (দুজন বা বেশী শিশুর £300)
- যে সব মা বাবা সুযোগ্য, তারা সপ্তাহে ১৬ ঘন্টা বা বেশী কাজ করলে (মা বাবা দুজনের পরিবারে, দুজনকেই কাজ করতে হবে - আপনি (পারিবারিক আয়ের ভিত্তিতে) যোগ্য কি না জানার জন্য (সকাল ৪ টা থেকে রাত ৪ টা) ০৮৪৫ ৩০০ ৩৯০০-এ ফোন করুন বা www.hmrc.gov.uk/taxcredits দেখুন।

ক্রমবর্ধমান বিকল্প

- ২০১০ পর্যন্ত, প্রতিটি পাড়ায় একটা শিশু কেন্দ্র
- ২০১০ পর্যন্ত, প্রতিটি প্রাইমারি স্কুল থেকে সারা বছর সকাল ৪ টা থেকে বিকাল ৬ পর্যন্ত চাইল্ডকেয়ার পাওয়ার সুবিধা
- সবচেয়ে সেরা বিকল্প বেছে নিতে আপনার স্থানীয় চিলড্রেস ইনফর্মেশন সার্ভিস (Children's Information Service) ব্যবহার করুন

¹ Daycare Trust Survey, (¹ডেকেয়ার ট্রাস্ট নিয়ে সমীক্ষা) ২০০৬

আরো তথ্য ও পরামর্শের জন্য :

চাইল্ডকেয়ার খুঁজছেন? DfES প্রকাশনা, ফোন 0845 60 222 60 থেকে বিনামূল্যে সিওর স্টার্ট গাইড (28 পৃষ্ঠা) পাওয়া যায় কিংবা সিওর স্টার্ট ওয়েবসাইট, (14 টি ভাষায় পাওয়া যায়) www.surestart.gov.uk দেখুন।

এখানে স্থানীয় তথ্য ও যোগাযোগের বিবরণ যোগ করুন

© ক্রাউন কপিরাইট আগস্ট 2006